রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

নং ০৩১/২০২১/কাস্টমস/৩৭৯ তারিখ : ১৯ ডিসেম্বর ২০২১ খ্রিঃ।

বিষয় : **বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক (Off-Dock) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০২১।**

**ভূমিকা:** বৈশ্বিক বাণিজ্য সম্প্রসারণের প্রেক্ষিতে দেশীয় রপ্তানি বাণিজ্যের প্রসার ও আমদানি বাণিজ্য সহজীকরণ এবং সরকারি রাজস্ব সুরক্ষার স্বার্থে বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক (Off-Dock) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত সময়োপযোগী নীতিমালা প্রণয়ন আবশ্যক। এমতাবস্থায়, The Customs Act, 1969 এর Section-13 ও এর সাথে পঠিতব্য, একই আইনের Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে বেসরকারি আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলো :

**২। আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনার নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে :**

(ক) বেসরকারি আইসিডি/সিএফএস সমূহের সেবা এবং কর্মপরিধি ও কর্মদক্ষতা বৃদ্ধি;

(খ) বন্দরের অভ্যন্তরে কন্টেইনার, মালামাল ও যানবাহন জট নিরসন এবং খালাস প্রক্রিয়া তরান্বিত করা;

(গ) রপ্তানি বাণিজ্য প্রসার এবং আমদানি বাণিজ্য সহজীকরণ ও পণ্যের নিরাপত্তা নিশ্চিত করা।


মূল্য : টাকা ১৬.০০

**৩। সংক্ষিপ্ত শিরোনাম ও অধিক্ষেত্র :**

ক. এ নীতিমালা "বেসরকারি খাতে ইনল্যান্ড কন্টেইনার ডিপো (আইসিডি) ও কন্টেইনার ফ্রেইট স্টেশন (সিএফএস) নীতিমালা, ২০২১" নামে অভিহিত হবে।

খ. এ নীতিমালায় বর্ণিত শর্তাদি পরিপালন সাপেক্ষে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত স্থানে সড়ক, নৌ-পথ, রেলপথ, আকাশপথ বা একাধিক মাধ্যমের (Mode of Transport) উপর ভিত্তি করে উৎপাদন, বিতরণ ও ভোক্তাদের কেন্দ্রে বা উপযুক্ত স্থানে বেসরকারি খাতে আইসিডি/সিএফএস প্রতিষ্ঠিত হবে।

গ. এ নীতিমালা প্রবর্তিত হওয়ার পর বেসরকারি খাতে আইসিডি/সিএফএস পরিচালনার ক্ষেত্রে পরবর্তী কোন আদেশ/নির্দেশ বা বিধি-নিষেধ বোর্ড বা সরকার কর্তৃক জারি না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

ঘ. ইতোমধ্যে স্থাপিত ও পরবর্তীতে স্থাপিতব্য সকল আইসিডি/সিএফএস এর জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে।

**৪। সংজ্ঞা :**

**ক. "ইনল্যান্ড কন্টেইনার ডিপো" (আইসিডি) বা অফডক (Off-Dock) :**

**(১) আমদানির ক্ষেত্রে :**

দেশের অভ্যন্তরে অবস্থিত কাস্টমস বন্ডেড কন্টেইনার ডিপোকে বুঝাবে যেখানে কোন বন্দর থেকে আমদানি পণ্য কাস্টমস কর্তৃক রেকর্ডকৃত সীলড কন্টেইনারে পরিবহন করে সংরক্ষণ করা যায়, আনস্টাফিং করা যায়, আনস্টাফিংকৃত মালামাল সংরক্ষণ করা যায় এবং যেখান থেকে প্রয়োজনীয় কাস্টমস সংক্রান্ত যাবতীয় কার্যক্রম শেষে আমদানিকৃত কন্টেইনার ও মালামাল (আনস্টাফিং করে বা না করে) আমদানিকারকের নিজস্ব চত্বরে বহনের জন্য খালাস করা যায়।

**(২) রপ্তানির ক্ষেত্রে :**

রপ্তানিকারকের চত্বর থেকে আইসিডিতে আগত রপ্তানিযোগ্য কন্টেইনার (প্রযোজ্য ক্ষেত্রে), পণ্য কন্টেইনারে স্টাফিংয়ের পূর্বে সংরক্ষণ করা যায় এবং পরবর্তীতে কাস্টমস আনুষ্ঠানিকতা শেষে স্টাফিংপূর্বক সীলড কন্টেইনারে রপ্তানির জন্য বন্দরে প্রেরণ করা যায়।

(৩) আমদানি/রপ্তানিসহ খালি কন্টেইনার সংরক্ষণ, আন্তঃদেশীয় ট্রানজিট, কন্টেইনার হ্যান্ডেলিং ও সংরক্ষণ, মালামাল স্টাফিং ও আনস্টাফিং করা যায়।

**খ. কন্টেইনার ফ্রেইট স্টেশন (সিএফএস) :** কন্টেইনার হ্যান্ডেলিং সম্বলিত কাস্টমস বন্ডেড ওয়্যারহাউজ/এরিয়া যেখানে প্রধানত রপ্তানিয় পণ্য পরীক্ষা ও খালি কন্টেইনার স্টাফিং করা হয়, কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট আমদানি পণ্য সীলড কন্টেইনারে পরিবহন ও খালাস প্রদান করা হয় অথবা উক্ত এক বা একাধিক ধরনের কার্যাবলি পরিচালনা করা হয়।

গ. **বোর্ড (Board) :** National Board of Revenue (NBR) মহামান্য রাষ্ট্রপতির আদেশ নং-৭৬ (পিও-৭৬, ১৯৭২) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড।

ঘ. **কাস্টমস বন্ডেড এলাকা :** কাস্টমস এ্যাক্ট এর অধীন নির্ধারিত কাস্টমস-স্টেশনের সীমা এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক খালাস প্রদানের পূর্বে যে এলাকায় আমদানিকৃত অথবা রপ্তানির জন্য পণ্য সাধারণত রক্ষিত থাকে সেই এলাকা।

ঙ. **বন্দর (Port) :** সমুদ্র বন্দর, নৌ বন্দর, বিমান বন্দর ও স্থল বন্দরকে বুঝাবে।

চ. **বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সিং কর্তৃপক্ষ :** বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস-কে বুঝাবে।

ছ. **সংশ্লিষ্ট কমিশনার :** বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস।

**৫। আইসিডি/সিএফএস স্থাপনের শর্ত ও নিয়মাবলি :**

**ক. আবেদন দাখিল ও অনুমোদন প্রক্রিয়া :**

(১) প্রস্তাবিত অফডকের স্থানকে কাস্টমস বন্ডেড এলাকা হিসেবে ঘোষণার জন্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/কমিশনারেট এ প্রয়োজনীয় দলিলাদিসহ নির্ধারিত ছকে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে।

(২) আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার উক্ত স্থান সরেজমিন পরিদর্শনপূর্বক প্রস্তাবিত অফডকের স্থানকে কাস্টম বন্ডেড এলাকা হিসেবে ঘোষণা ও অফডক স্থাপনের প্রাথমিক অনুমতি/সম্মতি প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করবেন।

(৩) জাতীয় রাজস্ব বোর্ড উপযুক্ত বিবেচনা করলে প্রস্তাবিত স্থানকে বন্ডেড এলাকা হিসেবে ঘোষণা করত অফডক স্থাপনের কার্যক্রম গ্রহণের জন্য প্রাথমিক অনুমতি/সম্মতি প্রদান করবে।

(৪) বোর্ডের অনুমোদন/সম্মতি প্রাপ্তির পর আবেদনকারী/উদ্যোক্তাকে বন্দর কর্তৃপক্ষ ও নৌপরিবহন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত অনুমতি গ্রহণ করতে হবে।

(৫) বোর্ডের অনুমোদনের পর সংশ্লিষ্ট কমিশনার আবেদনকারী/উদ্যোক্তাকে বন্ড লাইসেন্স প্রদানপূর্বক বন্ড লাইসেন্স এর শর্ত ও সীমা নির্ধারণ করবেন এবং পরিশিষ্ট-গ অনুযায়ী কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইক্যুইপমেন্টস স্থাপনের অনুমতি প্রদান করবেন।

(৬) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অবকাঠামো নির্মাণ এবং কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইক্যুইপমেন্টস স্থাপনের পর অফডক স্থাপনের চূড়ান্ত অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কমিশনার বরাবর আবেদন করবেন। অতঃপর পরিশিষ্ট-খ অনুযায়ী গঠিত কমিটি প্রস্তাবিত অফডকের স্থান পরিদর্শন করবেন এবং সংশ্লিষ্ট কমিশনার মতামতসহ প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবেন।

(৭) বোর্ড সন্তোষজনক বিবেচনায় অফডক স্থাপনের চূড়ান্ত অনুমোদন/সম্মতি প্রদান করবে। বোর্ড প্রাথমিক পর্যায়ে কেবল খালি কন্টেইনার হ্যান্ডেলিং এবং রপ্তানি কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করবে। পরবর্তীতে পারফরমেন্স সন্তোষজনকভাবে অন্তত ০১ (এক) বছর অতিবাহিত হওয়ার পর প্রতিষ্ঠান আবেদন করলে আমদানি পণ্য খালাসের অনুমতি প্রদান করা যাবে, তবে এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

(৮) আইসিডি/সিএফএস প্রতিষ্ঠার অনুমতিপত্রে লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করলে সংশ্লিষ্ট কমিশানর/বোর্ড আইসিডি/সিএফএস লাইসেন্স এর কার্যক্রম সাময়িক স্থগিত করতে পারবেন। এছাড়াও লাইসেন্স বাতিলের প্রয়োজন হলে বোর্ড এর অনুমতি সাপেক্ষে আইনানুগভাবে লাইসেন্স বাতিল করা যাবে।

**খ. আইসিডি/সিএফএস স্থাপনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়াবলি :**

**(১) সাধারণ শর্তাবলি :**

(অ) প্রতিষ্ঠানটিকে যথাযথভাবে নিবন্ধিত একটি লিমিটেড কোম্পানি হতে হবে।

(আ) প্রস্তাবিত আইসিডি/সিএফএস এর ধারণ ক্ষমতা অন্তত ৪৫০০ (চার হাজার পাঁচ শত) টিইইউএস (১ টিইইউএস = ১ টি ২০ ফুট) কন্টেইনার হতে হবে।

(ই) উদ্যোক্তাগণের আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা, অথবা কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং এর ক্ষেত্রে অন্তত ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(ঈ) আইসিডি স্থাপনের পূর্বেই পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(উ) হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ মূসক ও আয়কর সনদ, ফায়ার লাইসেন্স, অগ্নি ও দুর্যোগ বীমা সনদ দাখিল করতে হবে।

(ঊ) কোন দেশীয় উদ্যোক্তা বিদেশি প্রতিষ্ঠানের সাথে জয়েন্ট ভেনচার কোম্পানি হিসেবে প্রতিষ্ঠিত হলে সেক্ষেত্রে কমপক্ষে ৫১ ভাগ দেশিয় অংশীদারী থাকতে হবে।

**(২). স্থান নির্বাচন :**

(ক) বিনিয়োগকারীদের নিজস্ব মালিকানাধীন/ক্রয়কৃত/ভাড়া (লিজ) জায়গায় আইসিডি/সিএফএস স্থাপন করা যাবে এবং এ সংক্রান্ত দলিলাদি দাখিল করতে হবে।

(খ) আইসিডি/অফডক এর আয়তন অন্তত ১৫ একর জায়গায় হতে হবে।

(গ) প্রস্তাবিত আইসিডি/সিএফএস বন্দর এলাকা হতে অন্তত ২০ কিঃ মিঃ দূরে অবস্থিত হতে হবে।

(ঘ) রেল, সড়ক, নৌ ও আকাশপথ মাধ্যমগুলোর মধ্যে এক বা একাধিক মাধ্যমের সাথে প্রস্তাবিত অফডক এর যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে।

(ঙ) জাতীয় বা আঞ্চলিক মহাসড়ক বা জেলা সড়ক হতে কমপক্ষে ২০০ মিটার দূরত্বে আইসিডি/সিএফএস এর প্রবেশ ও নির্গমন এর গেট স্থাপিত হতে হবে যাতে করে জাতীয় বা আঞ্চলিক মহাসড়কে বা জেলা সড়কে আইসিডি/সিএফএস স্থাপনের কারণে যানজটের সৃষ্টি না হয়।

(চ) সিএফএস এর আয়তন আইসিডির আয়তন এর ন্যূনতম পাঁচ ভাগের এক ভাগ হতে হবে।

**(৩) অবকাঠামো স্থাপন :**

(ক) আমদানি পণ্যবাহি কন্টেইনার, রপ্তানি পণ্যবাহী কন্টেইনার ও খালি কন্টেইনার হ্যান্ডেলিং ও সংরক্ষণের জন্য পৃথকভাবে ইয়ার্ড, শেড ও পরীক্ষণ শেড নির্মাণ করতে হবে।

(খ) নিলাম ও ধ্বংসযোগ্য পণ্য সংরক্ষণের জন্য পৃথকভাবে অকশন ইয়ার্ড স্থাপন করতে হবে।

(গ) আইসিডি/সিএফএস এ পরিচালনাকারীর নিজস্ব লোকবলসহ কাস্টমস কর্তৃপক্ষের প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের জন্য পর্যাপ্ত সংখ্যক দপ্তর, কক্ষ, টয়লেট, কেন্টিন, আইটি নেটওয়ার্ক ইত্যাদি সুবিধা থাকতে হবে।

(ঘ) যানবাহনের সুষ্ঠু চলাচল বিবেচনায় রেখে উপযুক্ত মানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক গেইট হাউস সম্বলিত গেইট স্থাপন করতে হবে। কন্টেইনার মুভমেন্ট ও হ্যান্ডেলিং এর জন্য আইসিডি'র অভ্যন্তরে পর্যাপ্ত পরিসরে ইক্যুইপমেন্ট এবং যানবাহনের সুষ্ঠু চলাচলের সুবিধা থাকতে হবে।

(ঙ) অপেক্ষমান যানবাহনের পার্কিং এর জন্য আইসিডি'র অভ্যন্তরে পর্যাপ্ত পরিসরের পার্কিং সুবিধা থাকতে হবে। আইসিডি/সিএফএস ও তৎসংলগ্ন এলাকায়/সড়কে যাতে কোন যানজট সৃষ্টি না হয় সেজন্য আইসিডি/সিএফএস পরিচালনাকারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(চ) মালামাল/কন্টেইনার হ্যান্ডেলিং কার্যসম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইক্যুইপমেন্টস থাকতে হবে, যা পরিশিষ্ট-গ তে উল্লেখ করা হয়েছে।

(ছ) উন্নত সেবা প্রদানের জন্য সমুদ্র, নৌ, স্থল ও বিমান বন্দর, ব্যাংক, কাস্টমস কর্তৃপক্ষ ও ব্যবহারকারীদের সাথে টেলিফোন, ফ্যাক্স, ই- মেইল, কম্পিউটার প্রিন্টার, স্ক্যানার, ইন্টারনেট, নেটওয়ার্কিং ও রেডিও টেলিকমিউনিকেশন ইত্যাদিসহ সম্ভাব্য আধুনিক ও উন্নত তথ্য যোগাযোগ থাকতে হবে।

(জ) আইসিডি/সিএফএস এর সমগ্র এলাকা সিসি টিভি নেটওয়ার্ক এর আওতায় আনতে হবে, যাতে কাস্টমস কর্তৃপক্ষ যথাযথভাবে পর্যবেক্ষণ করতে পারেন।

(ঝ) আইসিডি/সিএফএস এর ইয়ার্ড/ ফ্লোর এর উচ্চতা অতিবর্ষণ জনিত জলবদ্ধতামুক্ত হতে হবে এবং আধুনিক ড্রেনেজ সিস্টেমের ব্যবস্থা থাকতে হবে।

(ঞ) পানি ও বিদ্যুতের সার্বক্ষণিক ব্যবস্থা থাকতে হবে।

(ট) আইসিডি/সিএফএস যথোপযুক্ত সীমানা প্রাচীর দ্বারা বেষ্টিত হতে হবে।

**(৪) ব্যাংকিং ব্যবস্থা :**

রাজস্ব আদায়ের সুবিধার্থে প্রতিটি আইসিডি/সিএফএস এর বর্হিরাঙ্গানে সোনালী ব্যাংক এর শাখা/বুথ থাকতে হবে। তবে আর্থিক লেনদেনের সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতিক্রমে প্রয়োজনে যে কোন বাণিজ্যিক ব্যাংক আইসিডি/সিএফএস এলাকায় তার শাখা স্থাপনের মাধ্যমে কর্ম পরিচালনা করতে পারবে।

**(৫) ICD এর সেফটি ও সিকিউরিটি ব্যবস্থা :**

(ক) লাসেন্সিং বিধিমালা অনুযায়ী আইসিডি/সিএফএস এলাকা নিরাপত্তা দেয়াল পরিবেষ্টিত হতে হবে এবং প্রয়োজনীয় সংখ্যক গেইট ও গেইট হাউজ স্থাপন করতে হবে।

(খ) আইসিডি অপারেটর তার নিজস্ব অথবা স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনকৃত প্রাইভেট নিরাপত্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নিরাপত্তা বাহিনী নিয়োগ করবে।

(গ) কারেন্সি, সিকিউরিটি পেপার, স্ট্যাম্প পেপার ইত্যাদি উচ্চ নিরাপত্তা সংক্রান্ত বিশেষ পণ্য সংরক্ষণের ক্ষেত্রে পৃথকভাবে এলাকা নির্ধারণ করে অতিরিক্ত সরকারি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

(ঘ) অগ্নিনির্বাপণ ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত শর্ত নমুনা অনুযায়ী অগ্নি নির্বাপণের প্রয়োজনীয় সুবিধা নিশ্চিত করতে হবে।

(ঙ) প্রাথমিক চিকিৎসা ব্যবস্থাসহ এ্যাম্বুলেন্স সুবিধা থাকতে হবে। নিজস্ব এ্যাম্বুলেন্স ব্যবস্থা না থাকলে জরুরি প্রয়োজনে তা সহজলভ্য করার লক্ষ্যে স্থানীয় ক্লিনিক/হাসপাতালের সঙ্গে সংশ্লিষ্ট আইসিডি/সিএফএস এর চুক্তির ব্যবস্থা রাখতে হবে।

(চ) আইএসপিএস কোড অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

**৬। বন্ড লাইসেন্স প্রদান ও নবায়নের শর্ত :**

(ক) অফডক স্থাপনের জন্য উপযুক্ত বিবেচিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে লাইসেন্স ফি বাবদ ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা (অফেরতযোগ্য) এবং সিকিউরিটি ডিপোজিট হিসেবে ৩০,০০,০০০/- (ত্রিশ) লক্ষ টাকা নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে।

(খ) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের লাইসেন্স প্রতি তিনি বৎসর পর পর নবায়ন করতে হবে। নবায়ন ফি বাবদ ৫,০০,০০০/- (পাঁচ) লক্ষ টাকা পরিশোধ করতে হবে।

(গ) লাইসেন্সের জন্য বিবেচিত হলে প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদানের পূর্বেই প্রয়োজনীয় নন জুডিশিয়াল ষ্ট্যাম্পের উপর ২৫ (পঁচিশ) কোটি টাকার সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) দাখিল করতে হবে। যার মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর।

(ঘ) সংশ্লিষ্ট কমিশনার উপানুচ্ছেদ-ক, খ, গ অনুসরণপূর্বক লাইসেন্স প্রদানের অপারাপর শর্ত ও সীমা নির্ধারণ করবেন।

**৭। আইসিডি/সিএফএস পরিচালনার নিয়মাবলি :**

(ক) পণ্যের কায়িক পরীক্ষা/আনস্টাফিং সম্পন্ন করার জন্য পর্যাপ্ত সংখ্যক কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইকুইপমেন্টস (পরিশিষ্ট-গ অনুযায়ী) স্থাপন করতে হবে।

(খ) সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক নির্ধারিত শর্তাবলি আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ তথা লাইসেন্সি কর্তৃক প্রতিপালন করতে হবে।

(গ) জাতীয় রাজস্ব বোর্ড ও বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্দিষ্টকৃত আমদানি কন্টেইনার/পণ্য বেসরকারি আইসিডিতে স্থানান্তর, আনস্টাফিং ও খালাস প্রদান করতে হবে।

(ঘ) খালি কন্টেইনার পরিবহন, স্থানান্তর এবং সংরক্ষণের ক্ষেত্রে বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সি কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত আদেশসমূহ অনুসরণ করতে হবে।

(ঙ) কন্টেইনার হ্যান্ডেলিং কার্যক্রম চালুর পূর্বেই জাতীয় রাজস্ব বোর্ডের কারিগরি সহায়তা নিয়ে Asycuda World Connectivity ও সিস্টাম স্থাপন নিশ্চিত করতে হবে।

(চ) কাস্টমস কর্মকর্তা/কর্মচারীদের কমিশনার কর্তৃক নির্ধারিত হারে, পদ্ধতিতে ও পরিমাণে (গ্রেড/ বেতন স্কেল অনুযায়ী) অধিকাল ভাতা (এমওটি) প্রদান করতে হবে।

(ছ) কাস্টমস কর্মকর্তা/ কর্মচারীদের যাতায়াতের জন্য পর্যাপ্ত যানবাহন সুবিধা নিশ্চিত করতে হবে।

(জ) আইসিডি/সিএফএস চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত বেসরকারি আইসিডি/সিএফএস নীতিমালা-২০১৬ এবং সরকার কর্তৃক প্রণীত অন্যান্য আইন ও বিধি-বিধান প্রতিপালন করতে হবে।

(ঝ) আমদানির ক্ষেত্রে পণ্যচালান অবশ্যই FCL কন্টেইনারে হতে হবে এবং কোন অবস্থাতেই LCL কন্টেইনারে আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে অফডক ব্যবহারের অনুমতি দেয়া যাবে না।

(ঞ) বন্ডেড এলাকার বর্হিরাঙ্গানে ব্যাংক, সিএন্ডএফ এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার বা অন্যান্য সংস্থার জন্য প্রয়োজনীয় স্থাপনা এবং আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট অন্যান্য সুবিধাদি স্থাপন করা যাবে।

(ট) নিকটতম কাস্টম হাউস কর্তৃক সংশ্লিষ্ট আইসিডি/সিএফএস নিয়ন্ত্রিত ও ব্যবস্থিত হবে। এক্ষেত্রে অধিক্ষেত্র প্রসঙ্গো কোন বিরোধ উত্থাপিত হলে জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঠ) আমদানি চালানোর ক্ষেত্রে আমদানিকারক যদি ব্যক্তি মালিকানাধীন আইসিডি এ আমদানিকৃত পণ্য খালাস করাতে চান অথবা রপ্তানিকারক আইসিডি এ রপ্তানীয় পণ্য স্টাফিং করতে চান তাহলে তাঁকে এল.সি এবং বি.এল এর শর্তাবলিতে Port of Delivery/Port of Shipment এর স্থলে আইসিডি এর নাম উল্লেখ করতে হবে।

(ড) জাতীয় রাজস্ব বোর্ড অথবা সংশ্লিষ্ট কমিশনার যে কোন সময় প্রদত্ত লাইসেন্সের বিষয়ে অথবা আইসিডি এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে যে কোন শর্ত, পদ্ধতি, নীতিমালা ইত্যাদি আরোপ/প্রণয়ন/প্রবর্তন করতে পারবে।

(ঢ) নিলাম বা ধ্বংসযোগ্য পণ্য সংশ্লিষ্ট সরকারি বিধি-বিধান অনুযায়ী আমদানিকারক ও রপ্তানিকারক তথা এমএলও কে অবহিত করে বন্দর কর্তৃপক্ষের সহযোগিতায় কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত নিলাম এর স্থায়ী আদেশ অনুযায়ী মালামাল দ্রুততার সহিত নিলাম বন্দোবস্ত ও ধ্বংসকরণের পদক্ষেপ নিতে হবে।

(ণ) সংরক্ষিত মালামাল খোয়া/হারানো/কমপ্রাপ্তি/নষ্ট হয়ে যাওয়া ইত্যাদি কারণে আমদানিকারক ও রপ্তানিকারক কর্তৃক পেশকৃত দাবি, বিধিমতে প্রযোজ্য শুল্ক করাদি এবং সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের প্রযোজ্য চার্জ আইসিডি/সিএফএস বা অফডক কর্তৃপক্ষকে পরিশোধ করতে হবে।

(ত) আইসিডি/সিএফএস কর্তৃক রপ্তানি পণ্য গ্রহণের পর থেকে জাহাজিকরণ পর্যন্ত কোন দুর্ঘটনা হলে প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রদানের লক্ষ্যে আইসিডি/সিএফএস পরিচালনাকারী এবং এমএলও এর ইন্স্যুরেন্স কভারেজ থাকতে হবে। আমদানি পণ্যের ক্ষেত্রেও একই পদ্ধতি প্রযোজ্য হবে। ব্যবহৃত যানবাহনের জন্য যথাযথ ইন্স্যুরেন্স থাকতে হবে।

(থ) অনিষ্পন্ন/ব্যবহার অনুপযোগী খালি কন্টেইনারের বিষয়ে শিপিং এজেন্ট/মেইন লাইন অপারেট (এমএলও) কে পূর্বে অবহিত রেখে কাস্টমস আইন ও বিধি মোতাবেক নিষ্পত্তিকরণে আইসিডি/সিএফএস বা অফডক কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহযোগিতা করবে।

(দ) আমদানি পণ্য খালাস ও রপ্তানি পণ্য প্রেরণের জন্য আইসিডি/সিএফএস পরিচালনাকারী ও সিএন্ডএফ এজেন্টগণ কাস্টমস কর্তৃপক্ষ এবং বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পদ্ধতি ও দলিলাদি ব্যবহার করবে।

(দ) বিপজ্জনক ও বিস্ফোরক জাতীয় মালামাল/কন্টেইনার সংরক্ষণ/হ্যান্ডেলিংয়ের ক্ষেত্রে ইন্টারন্যাশনাল মেরিটাইম ডেনজারাস গুডস (আইএমডিজি) নীতিমালা অনুসরণ করতে হবে।

**৮। লাইসেন্স স্থগিত বা বাতিল সংক্রান্ত :**

The Customs Act, 1969 এর Section-13 অনুযায়ী নিম্নবর্ণিত কারণে লাইসেন্স স্থগিত বা বাতিল করা যাবে :

(ক) আইন বিধিমালার আদেশের বিপরীতে কোন শর্ত অমান্য হইলে;

(খ) লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করলে;

(গ) শুল্ক কর ফাঁকিতে সহায়তা করলে;

(ঘ) কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রীতা বা অদক্ষতা প্রদর্শন করা হলে;

(ঙ) শুল্ক কর ফাঁকির ঘটনা সম্পর্কে অবহিত হবার পরেও কাস্টমস কর্মকর্তার নিকট উক্ত তথ্য অবহিত না করলে;

(চ) আইসিডি/সিএফএস প্রতিষ্ঠার অনুমতিপত্রের কোন শর্ত ভঙ্গ করলে সংশ্লিষ্ট কমিশনার/কাস্টমস কর্তৃপক্ষ আইসিডি/সিএফএস লাইসেন্স এর কার্যক্রম সাময়িক স্থগিত করতে পারবেন। এছাড়াও লাইসেন্স বাতিলের প্রয়োজন হলে বোর্ড এর অনুমোদন সাপেক্ষে লাইসেন্স বাতিল করতে পারবেন।

**৯। অফডক এর কার্যক্রম অডিট ও মূল্যায়ন এবং প্রণোদনা :**

(১) প্রতিটি অফডকের কার্যক্রম সংশ্লিষ্ট কমিশনার বার্ষিক ভিত্তিতে অডিট করবেন এবং এক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী উক্ত অডিট সম্পন্ন করতে হবে। বন্ড লাইসেন্স নবায়নের সময়ে উক্ত অডিট রিপোর্ট বাধ্যতামূলকভাবে দাখিল করতে হবে।

(২) প্রতিটি অফডক এর কার্যক্রম পরিশিষ্ট-ঘ এ উল্লিখিত মূল্যায়ন কমিটি বার্ষিক ভিত্তিতে মূল্যায়ন করে প্রতিবেদন ৩০ জানুয়ারির মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে। মূল্যায়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ :

ক. অফডকের আয়তন, লোকবল ও যন্ত্রপাতির তালিকা;

খ. আমদানি পণ্য হ্যান্ডেলিংয়ের পরিমাণ;

গ. রপ্তানি পণ্য হ্যান্ডেলিংয়ের পরিমাণ;

ঘ. লাইসেন্সের শর্ত পরিপালন;

ঙ. শুল্ক ফাঁকির মামলা ও অনিয়ম;

চ. নিলামযোগ্য পণ্য বন্দোবস্ত এবং ধ্বংসযোগ্য পণ্য ধ্বংসকরণ;

ছ. সার্ভিস ডেলিভারী;

জ. পণ্য শুল্কায়ণ ও খালাসের গড় সময়;

ঝ. বিভিন্ন স্টেকহোল্ডার গণের সাথে বিরোধ ও বিরোধ নিষ্পত্তি।

(৩) কমিটির সুপারিশের ভিত্তিতে বার্ষিক কার্যক্রম মূল্যায়নের নিরীক্ষে অফডক এ আমদানি পণ্য হ্যান্ডেলিং এর সংখ্যা বা পরিমাণ, বাড়ানো বা কমানো যাবে। এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড বা সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(৪) কোন অভিযোগ পাওয়া গেলে বা কোন অনিয়ম পরিলক্ষিত হলে প্রয়োজনে উক্ত মনিটরিং কমিটি জরুরিভিত্তিতে সভা আহবান করবে এবং প্রয়েজনীয় তদন্ত শেষে কমিটির সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার উক্ত আইসিডি/সিএফএস বা অফডক এর কার্যক্রম স্থগিত বা জরিমানাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং বোর্ডে তা অবহিত করবেন।

**১০। আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ কর্তৃক করণীয় :**

এ নীতিমালা জারির পূর্বে যে সমস্ত আইসিডি/সিএফএস অপারেশনাল রয়েছে সে সকল আইসিডি/সিএফএস নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করবে :

ক. অতিবর্ষণের কারণে জলাবদ্ধতা থেকে প্রতিকারের জন্য ফ্লোর/ইয়ার্ড উঁচুকরণ।

খ. আধুনিক মানসম্মত ড্রেনেজ ব্যবস্থাকরণ।

গ. আইএসপিএস কোড অনুসরণ।

ঘ. কাস্টমস এ্যাক্ট, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, আয়কর অধ্যাদেশ এবং বন্দর, নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নির্ধারিত শুল্ক কর, ট্যারিফ/চার্জ এবং লাইসেন্সের বিধি অনুসরণ করতে হবে।

ঙ. পরিশিষ্ট-খ অনুযায়ী ইক্যুইপমেন্ট স্থাপনকরণ।

চ. প্রকল্পের কর্মকর্তা, কর্মচারী শ্রমিক ইত্যাদির পূর্ণাঙ্গ হালনাগাদ তথ্য সংরক্ষণ করতে হবে। শ্রমিকদের ক্ষেত্রে বয়স উল্লেখসহ পরিচয় পত্র সংরক্ষণ করতে হবে এবং ১৮ বছরের নিচে কোন শ্রমিক নিয়োগ করা যাবে না। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও তৎপরবর্তী সংশোধনী, ইত্যাদি মেনে চলতে হবে।

**১১। আচরণ বিধি :**

আইসিডি/সিএফএস অপারেটর এবং সংশ্লিষ্ট ব্যবহারকারীগণ কর্তৃক আইসিডি/সিএফএস পরিচালনার ক্ষেত্রে কাস্টমস লাইসেন্স বিধি-বিধান ও বন্দরের নির্দেশাবলি আচরণ বিধি হিসেবে অনুসৃত হবে।

**১২। নীতিমালা সংশোধন :**

ক. এ নীতিমালার কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের প্রয়োজন হলে ৯(২) অনুচ্ছেদে উল্লিখিত কমিটির সুপারিশক্রমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হয়ে তা কার্যকর হবে।

খ. এ নীতিমালা সম্পর্কিত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে জাতীয় রাজস্ব বোর্ড তা প্রদান করবে।

**পরিশিষ্ট-ক**

**আইসিডি/সিএফএস স্থানকে কাস্টমস বন্ডেড এলাকা হিসেবে ঘোষণা এবং অফডক স্থাপনের প্রাথমিক অনুমোদন/সম্মতি প্রদানের জন্য আবেদনপত্রের ছক**

| অনুচ্ছেদ-ক। | কাস্টমস বন্ডেড এলাকা ঘোষণা ও অফডক স্থাপনের প্রাথমিক অনুমোদনের জন্য আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবে : | | |
|---|---|---|---|
| ১. | আবেদনকারীর নাম ও ঠিকানা | : | |
| ২. | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | |
| ৩. | আইসিডি/সিএফএস স্থাপনের জন্য প্রস্তাবিত স্থান (মৌজা, খতিয়ান ও দাগ নম্বর উল্লেখ করতে হবে) | : | |
| ৪. | ঠিকানা | : | |
| ৫. | জায়গার পরিমাণ | : | |
| ৬. | স্থান নির্ধারণের যৌক্তিকতা | : | |
| ৭. | নিজস্ব/ক্রয়কৃত/ভাড়া (লিজ) জমি (দলিলের সত্যায়িত কপি দাখিল করতে হবে) | : | |
| ৮. | নিকটবর্তী মহাসড়ক/রেলওয়ে স্টেশন/সমুদ্র/স্থলবন্দর/বিমান বন্দর হতে প্রস্তাবিত আইসিডি/সিএফএস এর দুরত্ব (উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে) | : | |
| ৯. | প্রস্তাবিত আইসিডি/সিএফএস এর আগামী ০৫ বছরে হ্যান্ডেলিংতব্য কন্টেইনার ও মালামালের অভিক্ষেপন (forecast) টিইইউএস: মেট্রিক টন | : | |
| ১০. | প্রতিষ্ঠানের বিগত ৫ (পাঁচ) বছরের আমদানির তথ্য | : | |
| ১১. | প্রতিষ্ঠানের বিগত ৫ (পাঁচ) বছরের রপ্তানি তথ্য | : | |
| ১২. | প্রস্তাবিত আইসিডি/সিএফএস এর ট্রাক পার্কিং নকশা, ন্যূনতম ২টি গেট ও শ্রমিকদের ন্যূনতম স্বাস্থ্য সেবার জন্য জরুরি নার্সিং সুবিধার নির্ধারিত রুমসহ অন্যান্য অবকাঠামোগত সুবিধার লে-আউট প্ল্যান (নকশা) | : | |
| ১৩. | প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ (বাস্তবায়ন ও পরিচালনা) | : | |
| ১৪. | আবেদনকারী প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা (ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, টিআইএনসহ বিগত তিন বছরের আয়কর রিটার্ন) | : | |
| ১৫. | কাস্টমস কর্তৃক নির্ধারিত আবেদন ফি জমা রসিদ | : | |

| | | | |
|---|---|---|---|
| অনুচ্ছেদ-খ। | জাতীয় রাজস্ব বোর্ডের চূড়ান্ত অনুমোদনের জন্য অনুচ্ছেদ-ক এ উল্লিখিত দলিলাদিসহ নিম্নবর্ণিত দলিলাদি প্রতিবেদনের সহিত দাখিল করতে হবে : | | |
| ১. | অবকাঠামোগত সুবিধাদির বিবরণ (নিজস্ব ও কাস্টমস কর্তৃপক্ষের জন্য অফিস, শিপিং লাইন/এজেন্টদের জন্য অফিস, ইয়ার্ড, বাউন্ডারি ওয়াল, গেইট ও গেইট হাউজ, ব্যারাক, নিরাপত্তা টাওয়ার ওজন সেতু/ওজনের জন্য সুবিধাদি, কন্টেইনার ও কার্গো স্ট্যানিং সুবিধা, সিসিটিভি ক্যামেরা সুবিধা, লাইটিং ব্যবস্থা, ফায়ারফাইটিং ইক্যুইপমেন্ট, রিফার প্লাগ পয়েন্ট, কেবিন, টয়লেট, খাবার পানি ইত্যাদি সুবিধাসহ অন্যান্য আনুষাঙ্গিক সুবিধাদি) | : | |
| ২. | যন্ত্রপাতির বিবরণী (কন্টেইনার/মালামাল হ্যান্ডেলিং এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা) | : | |
| ৩. | আইসিডি/সিএফএস পরিচালনার জন্য প্রস্তাবিত ট্যারিফ সিডিউল | : | |
| ৪. | আইসিডি/সিএফএস পরিচালনার জন্য প্রতিষ্ঠানের দীর্ঘ মেয়াদি পরিকল্পনা | : | |
| ৫. | বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ১৮(এ) এবং ১৮(বি) ধারায় বাংলাদেশ ব্যাংক এর অনুমতিপত্র | : | |
| ৬. | পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র | : | |
| ৭. | ট্রেড লাইসেন্স, মূসক সনদ | : | |
| ৮. | ফায়ার লাইসেন্স | : | |
| ৯. | অগ্নি ও দুর্যোগ বীমা সনদ | : | |
| ১০. | আবেদন পত্রের সাথে উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত সম্ভাব্যতা যাচাই/সমীক্ষার প্রতিবেদন (ফিজিবিলিটি রিপোর্ট) | : | |
| ১১. | কোম্পানির মেমোরান্ডাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | |
| ১২. | আবেদনপত্র ফরমে উল্লিখিত অন্যান্য চাহিদার/প্রমাণপত্র দলিলাদি | : | |
| ১৩. | অন্যান্য দলিলাদি (সংশ্লিষ্ট কমিশনারের চাহিদা মোতাবেক) | : | |

## পরিশিষ্ট-খ

**প্রস্তাবিত অফডকের অবকাঠামো এবং কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইক্যুইপমেন্টস পরিদর্শন কমিটি :**

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত কমিশনার, অফডক (সংশ্লিষ্ট কাস্টম হাউস/কমিশনারেট) | আহবায়ক |
| (২) | সহকারী/উপ-কমিশনার, (যে কোন অফডক) (সংশ্লিষ্ট কাস্টম হাউস/ কমিশনারেট) | সদস্য |
| (৩) | বন্দর কর্তৃপক্ষ (উপযুক্ত প্রতিনিধি) | সদস্য |
| (৪) | সহকারী/উপ-কমিশনার, অফডক শাখা | সদস্য সচিব |

## পরিশিষ্ট-গ

## আইসিডি এর জন্য ন্যূনতম প্রয়োজনীয় কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইক্যুইপমেন্টস :

১। কার্যোপযোগী কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইক্যুইপমেন্ট এর সংখ্যা নিম্নরূপ :

(ক) লোড কন্টেইনার হ্যান্ডেলিং এর জন্য :

| | |
|---|---|
| a) Rubber Tyred Gantry Crane | ৩ ইউনিট অথবা |
| b) Straddle Carrier (4 High) | ৩ ইউনিট অথবা |
| c) Reach Staker (3 High) | ৩ ইউনিট অথবা |
| d) Front Loader (3 High) | ৩ ইউনিট অথবা |
| e) Rail Mounted Gantry Crane | ২ ইউনিট |

(খ) খালি কন্টেইনার হ্যান্ডেলিং এর জন্য :

a) Empty Container Handler/Front loader/Reach Stacker-২ ইউনিট

(গ) স্টাফিং/আন-স্টাফিং ইক্যুইপমেন্ট :

(a) Lowmast Forklift truck-৫ ইউনিট

(ঘ) ট্রান্সপোর্টেশন ইক্যুইপমেন্ট :

(a) tractor-trailer-১৮ ইউনিট

(ঙ) কন্টেইনার স্ক্যানিং মেশিন ১ টি (অপশনাল)। তবে, প্রতিষ্ঠান কন্টেইনার স্ক্যানিং মেশিন স্থাপন করলে এবং উপযুক্ততা প্রমাণ করতে পারলে সংশ্লিষ্ট কমিশনারের মতামত/সুপারিশের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আমদানি পণ্য হ্যান্ডেলিং এর সংখ্যা/পরিমাণ, সময় সময়, বাড়ানো হবে।

(চ) স্কেল ও ওয়েব্রিজ ২ টি করে।

(ছ) সিসিটিভি ক্যামেরা, লাইটিং ব্যবস্থা, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট (প্রয়োজনীয় সংখ্যক)।

**পরিশিষ্ট-ঘ**

**আইসিডি/সিএফএস বা অফডক এর কার্যক্রম মূল্যায়ন কমিটি :**

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত কমিশনার, অফডক (সংশ্লিষ্ট কাস্টম হাউস/কমিশনারেট) | আহবায়ক |
| (২) | যুগ্ম কমিশনার (কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম) | সদস্য |
| (৩) | উপ-পরিচালক/সহকারী পরিচালক (শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর) | সদস্য |
| (৪) | বন্দর কর্তৃপক্ষ (উপযুক্ত প্রতিনিধি) | সদস্য |
| (৫) | এফবিসিসিআই এর একজন মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (৬) | বিকডা এর প্রতিনিধি | সদস্য |
| (৭) | সহকারী/উপ-কমিশনার (অফডক শাখা) | সদস্য সচিব |

**১৩**। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.